দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 SEP 2017
পৃষ্ঠা ... ১৩ কলাম ... [illegible]

# নোবিপ্রবি ক্যাম্পাসে ঈদের ছুটিতে মাদকের আখড়া

■ নোবিপ্রবি প্রতিনিধি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) গত ২৮ আগস্ট থেকে ঈদের ছুটি শুরু হয়েছে। ঈদের ছুটির পরপরই ক্যাম্পাস খালি হতে শুরু করে। আর এরই সুযোগ নিতে থাকে বহিরাগত মাদকাসক্ত ও জুয়াড়িরা।

ক্যাম্পাসের বিভিন্ন নিরিবিলি স্থান ছাড়াও একমাত্র ছাত্রহল, ভাষা শহীদ আব্দুস সালাম হল খোলা থাকায় হয়ে ওঠে তাদের নিরাপদ আড্ডার আশ্রম। তাছাড়া ঈদের ছুটিতে ক্যাম্পাস প্রায় শিক্ষার্থী শূন্য হওয়ায় এই সুযোগে ক্যাম্পাসের পুকুরপাড়, নতুন তৈরিকৃত বিল্ডিং এবং হলের মধ্যে প্রতিনিয়ত তাদের জমজমাট আড্ডা বসে। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী বলেন, "আমার ক্যাম্পাসে এখন আমিই আতঙ্কের মধ্যে আছি, না জানি কখন মাদকাসক্ত জুয়াড়িরা আমার রুমেই হামলা করে"।



নোবিপ্রবি: মাদকসেবকদের ব্যবহৃত মাদকসামগ্রী —ইত্তেফাক

হলে দায়িত্বরত আনসার সদস্যের সাথে কথা বলে জানা যায়, "ক্যাম্পাসের শিক্ষার্থীদের ছত্রচ্ছায়ায় হলের ভেতর বহিরাগতরা প্রবেশ করছে। পরিচয় জানতে চাইলে নানা রকম হুমকি-ধামকি দেওয়ার কারণে, ভয়ে আমরা এখন কিছু বলতে সাহস পাই না"। এইসব জুয়া ও মাদকের আসরের ফলে এর আগেও বন্ধের মধ্যে বেশ কয়েকবার হলের বিভিন্ন রুমে তালা ভেঙে চুরি, লুটপাট ছাড়াও হলের লাইট, ফ্যান চুরির ঘটনা ঘটেছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মুশফিকুর রহমান বলেন, এই ব্যাপারে তিনি অবগত নন। অতি সত্বর ক্যাম্পাসে দায়িত্বরত আনসার সদস্যদের সঙ্গে কথা বলে যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিবেন।